

প্রকাশ : ২৮ নভেম্বর, ২০১৭ ২১:২০  
আপডেট : ২৮ নভেম্বর, ২০১৭ ২১:২২

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

খবর বিডিনিউজের

## ফের আইসিইউতে আনিসুল হক

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

লন্ডনে হাসপাতালে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হককে ফের আইসিইউতে নেওয়া হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় আনিসুল হকের স্ত্রী রুবানা হক বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, “সংক্রমণের কারণে

আনিসুল হককে আবার আইসিইউতে স্থানান্তর করা হয়েছে।”

এর আগে গত ৪ অগাস্ট অসুস্থ হয়ে পড়লে লন্ডনের একটি হাসপাতালে ভর্তির পর নিবিড় পরিচর্যা কেন্দ্রে রাখা হয়েছিল আনিসুল হককে। অবস্থার উন্নতি ঘটানোর পর গত ৩১ অক্টোবর তাকে আইসিইউ থেকে রিহ্যাবিলিটেশনে স্থানান্তরের খবর জানিয়ে বিবৃতি দিয়েছিল ঢাকা উত্তর সিটি করপোরেশন। তার এক মাসের মধ্যে ফের আইসিইউতে নেওয়া হল আনিসুল হককে।

বিডি প্রতিদিন/২৮ নভেম্বর ২০১৭/হিমেল